দৈনিক ইত্তেফাক

তারিখ ... NOV. 1 1 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৩

০১

# সরকার কম্পিউটার শিক্ষার প্রসার ও উন্নয়নে ব্যবস্থা গ্রহণ করিয়াছে

চট্টগ্রাম অফিস ॥ গত ৫ই নভেম্বর মিরসরাই থানাধীন বিশ্বদরবার নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে বেসামরিক বিমান পরিবহন, পর্যটন, গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেন, বর্তমান সরকার মানব-সম্পদ উন্নয়ন, আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তি এবং কর্মসংস্থানের উপযোগী শিক্ষা পদ্ধতি প্রবর্তন তথা একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় কম্পিউটার শিক্ষার উন্নয়ন ও প্রসারে ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করিয়াছে। তিনি বলেন, অভিজ্ঞ প্রশিক্ষকের দ্বারা স্কুল শিক্ষকদের কম্পিউটারের মাধ্যমে আধুনিক ও বিজ্ঞানসম্মত শিক্ষা পদ্ধতির উপর প্রশিক্ষণদানে প্রতি থানায় রিসোর্স সেন্টার স্থাপন করা হইতেছে। কম্পিউটার পদ্ধতিকে তৃণমূল পর্যায়ে শিক্ষার্থীদের মাঝে ছড়াইয়া দিতে বেসরকারী মাধ্যমিক স্কুলসমূহে কম্পিউটার বিতরণ কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। মন্ত্রী বলেন, সরকার ১৯৯৯ সালের শিক্ষানীতিতে কম্পিউটার খাতকে অন্যতম থ্রাষ্ট সেক্টর হিসাবে চিহ্নিত করিয়া এই শিল্পে বিনিয়োগে উৎসাহজনক সুযোগ-সুবিধা নিশ্চিত করিয়াছে। কম্পিউটার শিল্প স্থাপনে উদ্যোক্তা সৃষ্টি ও কম্পিউটার শিক্ষাকে জনগণের জন্য সহজলভ্য করিতে কম্পিউটার ও যন্ত্রাংশের উপর সম্পূর্ণরূপে আমদানী শুল্ক রহিত করা হইয়াছে।

মন্ত্রী বিশ্বদরবার স্কুলটিকে অবিলম্বে সরকারী স্বীকৃতিদান, মাঠ সংস্কার ও কম্পিউটার কেন্দ্রে কয়েকটি কম্পিউটার প্রদান করার ঘোষণা দেন। মির্জা গোলাম হায়দারের সভাপতিত্বে এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা গিয়াস উদ্দিন, বাংলাদেশ ব্যাংকের ডিডি মোহাম্মদ ইব্রাহীম ভুঁইয়া, সৈয়দ মফিজউদ্দিন আহমদ ও সৈয়দ আবদুল গনি।